

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা ও নারায়ণগঞ্জের ২ টি কারখানা ও ৩ টি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ৩৪ লক্ষ ৫৮ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য এবং ঢাকা মহানগরের ১ টি অটো ইটভাটাকে স্থানান্তরের নির্দেশ প্রদান করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৩/০৯/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বন্ধ রেখে বাইপাসের মাধ্যমে তরল বর্জ্য পরিবেশে নির্গমনের মাধ্যমে কারখানা পরিচালনার করে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) বেইস পেপার মিল, শ্রীরামপুর, ধামরাই, ঢাকা-কে ২২ লক্ষ ৬৯ হাজার টাকা; পরিবেশ অধিদপ্তরের অনুমতি ব্যতিরেকে কারখানা সম্প্রসারণ ও আন্ডারসাইজ ইটিপির মাধ্যমে অতিরিক্ত তরল বর্জ্য পরিবেশে নির্গত করে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের অপরাধে (২) ডায়েজল্যাভ ডাইং এন্ড ফিনিশিং ইন্ডাঃ লিঃ, জলকুড়ি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জকে-৫ লক্ষ টাকা; তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) নির্মাণধীন অবস্থায় এবং পরিবেশগত ছাড়পত্রের নবায়নবিহীন হাসপাতাল কার্যক্রম পরিচালনার দায়ে (৩) বাংলাদেশ স্পেসিআলাইজ হাসপাতাল লিঃ, ২১ শ্যামলী, মিরপুর রোড, ঢাকা-কে প্রতিমাসে ৩ লক্ষ ৭৪ হাজার ৪০০ টাকা হারে (সর্বোচ্চ ৩ মাস) ; একই অপরাধে (৪) আনোয়ার খান মডার্ন ধানমন্ডি, ঢাকা-কে ২ লক্ষ টাকা এবং প্রতিমাসে ১ লক্ষ ১১ হাজার ৮০০ টাকা হারে (সর্বোচ্চ ৩ মাস); (৫) আলোক হেলথ কেয়ার এন্ড হসপিটাল লিঃ, মিরপুর-১০, ঢাকা-কে প্রতিমাসে ২ হাজার ৬০০ টাকা হারে(সর্বোচ্চ ৩ মাস) জমা দানের জন্য নির্দেশ প্রদান করা হয়। এছাড়াও ঢাকা মহানগর হতে (৬) মেসার্স রশিদ অটো ব্রিকস, উত্তরখান, ঢাকা-কে আগামী ৩ (তিন) মাসের মধ্যে স্থানান্তরের নির্দেশ প্রদান করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখ : ১৩/০৯/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)
সহকারী পরিচালক
পক্ষে
পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

